**বাংলাদেশ সুপ্রীম কোর্ট**
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(প্রশাসন শাখা)
www.supremecourt.gov.bd

**বিজ্ঞপ্তি**

বিজ্ঞপ্তি নং- ২০৮ -এ, তারিখঃ ২৫/০৪/২০২২ খ্রিঃ।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, আগামী ০৫/০৫/২০২২ খ্রিঃ রোজ বৃহস্পতিবার হইতে ১২/০৫/২০২২ খ্রিঃ রোজ বৃহস্পতিবার পর্যন্ত হাইকোর্ট বিভাগের বিচারকার্য পরিচালনার জন্য বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি মহোদয় নিম্নে উল্লেখিত অবকাশকালীন বেঞ্চসমূহ গঠন করেছেন ঃ

উক্ত অবকাশকালীন সময়ে মাননীয় বিচারপতি এ,কে,এম, আসাদুজ্জামান এবং মাননীয় বিচারপতি শাহেদ নূরউদ্দিন মহোদয়গণ একত্রে ডিভিশন বেঞ্চে অত্র কোর্টের মূল ভবনের ১৫নং বিচারকক্ষে বসিবেন এবং ১১/০৫/২০২২ ও ১২/০৫/২০২২ খ্রিঃ তারিখ সকাল ১১.০০ ঘটিকা হইতে দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত শুনানীর জন্য ডিভিশন বেঞ্চে গ্রহণযোগ্য অতীব জরুরী দেওয়ানী মোশন; শুনানীর জন্য প্রথম আপীল, প্রথম আপীল (প্রবেট), প্রথম বিবিধ আপীল, প্রথম বিবিধ আপীল (প্রবেট); ৬০০,০০,০০০ টাকার উর্ধ্বমানের প্রথম বিবিধ আপীল; ডিভিশন বেঞ্চে গ্রহণযোগ্য দেওয়ানী রুল ও রিভিশন মোকদ্দমা; হাইকোর্ট রুলস-এর ৯ অধ্যায়ের ৩৪ রুল অনুযায়ী শুনানীর জন্য এবং ৬০০,০০,০০০ টাকার উর্ধ্বমানের আপীল; ডিভিশন বেঞ্চে গ্রহনযোগ্য দেওয়ানী রুল, দেওয়ানী রিভিশন মোকদ্দমা ও তৎসংক্রান্ত আবেদনপত্র হইতে উদ্ভুত সকল লয়াজিমা বিষয়; ২০০১ইং সনের ১নং আইনের (শালিশী আইন-২০০১) ৪৮(ক), (খ) এবং (গ) ধারা মোতাবেক আপীল; দেউলিয়া বিষয়ক আপীল; ইউনিয়ন পরিষদ ও পৌরসভা (বিশেষ দায়িত্ব) অধ্যাদেশ, ১৯৯১ ইং (অধ্যাদেশ নং-৬, ১৯৯১) এর অধীন আপীল; ডিভিশন বেঞ্চে গ্রহণযোগ্য দেওয়ানী কার্যবিধি আইনের ৪১ অর্ডারের ১১ রুল অনুযায়ী আপীল সমূহ এবং উপরোল্লিখিত বিষয়াদি সংক্রান্ত রুল ও আবেদনপত্র গ্রহণ ও শুনানী করিবেন।

উল্লেখ্য যে, ১ ফেব্রুয়ারি ২০২১ খ্রি. তারিখের পূর্বে দায়েরকৃত, স্থানান্তরিত বা চলমান সকল প্রকার মোকদ্দমা বা কার্যধারা অত্র বেঞ্চেই শুনানী ও নিষ্পত্তি হইবে।

এবং

মাননীয় বিচারপতি মোঃ রেজাউল হক এবং মাননীয় বিচারপতি এ,কে,এম, জহিরুল হক মহোদয়গণ একত্রে ডিভিশন বেঞ্চে অত্র কোর্টের এ্যানেক্স ভবনের ১৬নং বিচারকক্ষে বসিবেন এবং ০৯/০৫/২০২২, ১০/০৫/২০২২, ১১/০৫/২০২২ ও ১২/০৫/২০২২ খ্রিঃ তারিখ সকাল ১১.০০ ঘটিকা হইতে দুপুর ২.০০ ঘটিকা পর্যন্ত **দুর্নীতি দমন কমিশন আইন ও মানি লন্ডারিং আইনের অধীন বিষয়াদিসহ** ডিভিশন বেঞ্চে গ্রহণযোগ্য অতীব জরুরী ফৌজদারী মোশন; ফৌজদারী আপীল মঞ্জুরীর আবেদনপত্র এবং তৎসংক্রান্ত জামিনের আবেদনপত্র; ফৌজদারী মঞ্জুরীকৃত আপীল ও তৎসংক্রান্ত জামিনের আবেদনপত্র; ফৌজদারী মঞ্জুরীকৃত আপীল ও সকল জেল আপীল মঞ্জুরীর আবেদনপত্র ও শুনানী; ফৌজদারী রিভিশন ও ফৌজদারী বিবিধ মোকদ্দমাসমূহ; যে সব বিষয় এই বেঞ্চে স্থানান্তরিত হইবে এবং উপরোল্লিখিত বিষয়াদি সংক্রান্ত রুল ও আবেদনপত্র গ্রহণ এবং শুনানী করিবেন।

এবং

মাননীয় বিচারপতি এ,এন,এম, বসির উল্লাহ মহোদয় একক বেঞ্চে অত্র কোর্টের এ্যানেক্স ভবনের ২৩নং বিচারকক্ষে বসিবেন এবং এবং ০৯/০৫/২০২২, ১০/০৫/২০২২ ও ১১/০৫/২০২২ খ্রি. তারিখ সকাল ১১.০০ ঘটিকা হইতে দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত শুনানীর জন্য একক বেঞ্চে গ্রহণযোগ্য অতীব জরুরী ফৌজদারী মোশন; ফৌজদারী মঞ্জুরীকৃত আপীল; ফৌজদারী আপীল মঞ্জুরীর আবেদনপত্র এবং তৎসংক্রান্ত জামিনের আবেদনপত্র; ফৌজদারী রিভিশন ও রেফারেন্স মোকদ্দমা এবং **একক বেঞ্চে গ্রহণযোগ্য দূর্নীতি দমন কমিশন আইনের অধীন দায়েরকৃত মামলা, রায়, আদেশ হইতে উদ্ভুত সকল প্রকারের মোশন ও তদসংক্রান্ত শুনানী;** যে সব বিষয় এই বেঞ্চে স্থানান্তরিত হইবে এবং উপরোল্লিখিত বিষয়াদি সংক্রান্ত রুল ও আবেদনপত্র গ্রহণ করিবেন।

এবং

মাননীয় বিচারপতি মোঃ খসরুজ্জামান এবং মাননীয় বিচারপতি মোঃ সেলিম মহোদয়গণ একত্রে ডিভিশন বেঞ্চে অত্র কোর্টের এ্যানেক্স ভবনের ১৫নং বিচারকক্ষে বসিবেন এবং এবং ০৯/০৫/২০২২, ১০/০৫/২০২২, ১১/০৫/২০২২ ও ১২/০৫/২০২২ খ্রিঃ তারিখ সকাল ১১.০০ ঘটিকা হইতে দুপুর ১.১৫ ঘটিকা পর্যন্ত শুনানীর জন্য অতীব জরুরী ভ্যাট, সম্পূরক শুল্ক, কাস্টমস ও ইনকামট্যাক্সসহ সকল প্রকার রীট মোশন ও তৎসংক্রান্ত শুনানী; ২০০৯ইং সনের ট্রেডমার্ক আইনের অধীনে আপীল; ১৯১১ইং সনের পেটেন্ট ও ডিজাইন আইনের ৫১ (ক) এবং ২৬ (খ), (গ), (ঘ) ও (ঙ) ধারামতে আবেদনপত্র ও আপীল; মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ১২৪ ধারা মোতাবেক রিভিশন/আপীল সহ মূল্য সংযোজন কর আইন, ১৯৯১-এর ধারা ৪২(১) (গ) ক্ষমতাবলে এ্যাপিলেট ট্রাইব্যুনাল কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত বা আদেশের বিরুদ্ধে আপীল; আয়কর রেফারেন্স মোকদ্দমা ও আয়কর সংক্রান্ত রীট; কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯-এর ধারা ১৯৬ ডি অনুযায়ী আপীল শুনানী; **হাইকোর্ট বিভাগ ও উহার অধীনস্থ আদালত সমূহের অবমাননার অভিযোগপত্র** গ্রহণ করিবেন এবং উপরোল্লিখিত বিষয়াদি সংক্রান্ত রুল ও আবেদনপত্র গ্রহণ এবং শুনানী করিবেন।

এবং

মাননীয় বিচারপতি জাফর আহমেদ একক বেঞ্চে অত্র কোর্টের এনেক্স ভবনের ১৭ নং বিচারকক্ষে বসিবেন এবং ০৮/০৫/২০২২, ০৯/০৫/২০২২, ১০/০৫/২০২২ ও ১১/০৫/২০২২ খ্রিঃ তারিখ সকাল ১১.০০ ঘটিকা হইতে দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত শুনানীর জন্য অতীব জরুরী আদিম অধিক্ষেত্রাধীন বিষয়; সাকসেশন আইন, ১৯২৫ অনুযায়ী ইচ্ছাপত্র ও ইচ্ছাপত্র ব্যাতিরেকে মৃত ব্যক্তি বিষয়বস্তুর অধিক্ষেত্র; বিবাহ বিচ্ছেদ আইন, ১৮৬৯ অনুযায়ী মোকদ্দমা; প্রাইজ কোর্ট বিষয়সহ এ্যাডমিরেলটি কোর্ট আইন, ২০০০ অধিক্ষেত্রাধীন মোকদ্দমা; মার্চেন্ট শিপিং অর্ডিন্যান্স, ১৯৮৩ এর অধীনে আবেদনপত্র; ২০০৯ ইং সনের ট্রেডমার্ক আইনের অধীন আবেদনপত্র; ১৯১৩ ও ১৯৯৪ খ্রি. সনের কোম্পানী আইন অনুযায়ী আবেদনপত্র; ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ইং (১৯৯১ইং সনের ১৪নং আইন) অনুযায়ী আবেদনপত্র; সালিশ আইন ২০০১ (২০০১ইং সনের ১নং আইন) অনুযায়ী আপীল ও আবেদনপত্র; সহকারী জজ ব্যতীত অন্য বিচারকের ডিক্রি ও আদেশের বিরুদ্ধে অনুর্ধ্ব

৬,০০,০০,০০০ টাকা মানের এবং সহকারী জজের মান নিরপেক্ষ ডিক্রি ও আদেশের বিরুদ্ধে দেওয়ানী রিভিশন; যে সব বিষয় এই বেঞ্চে স্থানান্তরিত হইবে এবং উপরোল্লিখিত বিষয়াদি সংক্রান্ত রুল ও আবেদনপত্র গ্রহণ ও শুনানী করিবেন।

উল্লেখ্য যে, ১ ফেব্রুয়ারি ২০২১ খ্রি, তারিখের পূর্বে দায়েরকৃত, স্থানান্তরিত বা চলমান সকল প্রকার মোকদ্দমা বা কার্যধারা অত্র বেঞ্চেই শুনানী ও নিস্পত্তি হইবে।

এবং

মাননীয় বিচারপতি মোঃ জাকির হোসেন মহোদয় একক বেঞ্চে অত্র কোর্টের মূল ভবনের ৩১নং বিচারকক্ষে বসিবেন এবং ১১/০৫/২০২২ ও ১২/০৫/২০২২ খ্রিঃ তারিখ সকাল ১১.০০ ঘটিকা হইতে দুপুর ১.৩০ ঘটিকা পর্যন্ত শুনানীর জন্য সহকারী জজ ব্যতীত অন্য বিচারকের আদেশ ও ডিক্রির বিরুদ্ধে অনূর্ধ্ব ৬০০,০০,০০০ টাকা মানের এবং সহকারী জজের মান নিরপেক্ষ আদেশ ও ডিক্রির বিরুদ্ধে অতীব জরুরী দেওয়ানী মোশন; দেওয়ানী কার্যবিধি আইনের ৪১ অর্ডারের ১১ রুল অনুযায়ী শুনানীর জন্য অনূর্ধ্ব ৬০০,০০,০০০ টাকা মানের আপীল; সহকারী জজ ব্যতীত অন্য বিচারকের আদেশ ও ডিক্রি বিরুদ্ধে অনূর্ধ্ব ৬০০,০০,০০০ টাকা মানের এবং সহকারী জজের মান নিরপেক্ষ আদেশ ও ডিক্রি বিরুদ্ধে দেওয়ানী রুল ও দেওয়ানী রিভিশন মোকদ্দমা; অনূর্ধ্ব ৬০০,০০,০০০ টাকা মানের আবেদনপত্র এবং একক বেঞ্চে গ্রহণযোগ্য সকল লয়াজিমা বিষয় ও অনূর্ধ্ব ৬,০০,০০,০০০ টাকা মানের প্রথম বিবিধ আপীল, প্রথম বিবিধ আপীল (প্রবেট); ২০০১ইং সনের গণপ্রতিনিধিত্ব (সংশোধন) অধ্যাদেশ দ্বারা সংশোধিত ১৯৭২ইং সনের গণপ্রতিনিধিত্ব অধ্যাদেশ মোতাবেক "নির্বাচনী" আবেদনপত্র; যে সব বিষয় এই বেঞ্চে স্থানান্তরিত হইবে এবং উপরোল্লিখিত বিষয়াদি সংক্রান্ত রুল ও আবেদনপত্র গ্রহণ করিবেন।

উল্লেখ্য যে, ১ ফেব্রুয়ারি ২০২১ খ্রি তারিখের পূর্বে দায়েরকৃত, স্থানান্তরিত বা চলমান সকল প্রকার মোকদ্দমা বা কার্যধারা অত্র বেঞ্চেই শুনানী ও নিস্পত্তি হইবে।

আদেশক্রমে,

স্বাঃ/-

(মোহাম্মদ আক্তারুজ্জামান ভূঁইয়া)
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)
ফোনঃ ০২২২৩৩৮৬৮২৬
E-mail:aktar.dr@supremecourt.gov.bd

স্মারক নং- ৩৪৯৮ -এ, তারিখ- ২৫/০৪/২০২২ খ্রিঃ।

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ**

১। অ্যাটর্নি জেনারেল, বাংলাদেশ, ঢাকা।
২। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সলিসিটর, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। অতিরিক্ত রেজিস্ট্রার, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৫। অতিরিক্ত রেজিস্ট্রার ..........................(সকল), হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৬। স্পেশাল অফিসার, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৭। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। ডেপুটি রেজিস্ট্রার-সার্বিক ও আদি অধিক্ষেত্র/প্রটোকল /অর্থ/প্রশাসন ও বিচার/রিসার্চ/দেওয়ানী-২/অনুলিপি ও মহাফেজ/ ফৌজদারী-১/ফৌজদারী-২/দেওয়ানী-১, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৯। সভাপতি/সেক্রেটারী, বাংলাদেশ সুপ্রীম কোর্ট বার এসোসিয়েশন, ঢাকা।
১০। সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
১১। সহকারী রেজিস্ট্রার-বিচার/বাজেট/পরিবহন/অর্থ/প্রশাসন/সাধারণ ও সংস্থাপন/কোর্ট কীপিং/আদি অধিক্ষেত্র/বেঞ্চ ও ডিক্রী/রিসার্চ/ফৌজদারী-১/অনুলিপি ও মহাফেজ/দেওয়ানী-১/দেওয়ানী-২/ফৌজদারী-২/ফৌজদারী-৩, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১২। মাননীয় প্রধান বিচারপতির একান্ত সচিব, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১৩। মাননীয় প্রধান বিচারপতির সচিব, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১৪। উপ-পরিচালক, গভঃ প্রিন্টিং প্রেস, তেজগাঁও, ঢাকা।
১৫। পরিচালক (বার্তা), বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা।
১৬। পরিচালক (বার্তা), বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।
১৭। হিসাব রক্ষণ কর্মকর্তা- ১,২ ও ৩, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১৮। কোর্ট অফিসার, কোর্ট কীপার শাখা, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১৯। সুপারিনটেনডেন্ট, সাধারণ ও সংস্থাপন শাখা, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২০। সুপারিনটেনডেন্ট, বেঞ্চ শাখা, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২১। চীফ রিপোর্টার (বার্তা) এ,টি,এন,বাংলা ওয়াসা ভবন, ৯৮ কাজী নজরুল ইসলাম এভিনিউ কাওরান বাজার,ঢাকা।
২২। চীফ রিপোর্টার (বার্তা) চ্যানেল আই, ৬২/এ, সিদ্ধেশ্বরী রোড, ঢাকা- ১২১৭।
২৩। চীফ রিপোর্টার (বার্তা) এন, টি, ভি, ১০২,কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরান বাজার, ঢাকা।
২৪। বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
২৫। বার্তা সম্পাদক,ইউ,এন,বি, ৬৯/১ নিউ সার্কুলার রোড, মালিবাগ, ঢাকা।
২৬। বার্তা সম্পাদক, দৈনিক জনকণ্ঠ, ঢাকা।
২৭। বার্তা সম্পাদক, দৈনিক সংবাদ, ঢাকা।
২৮। বার্তা সম্পাদক, দৈনিক ইনকিলাব, ঢাকা।
২৯। বার্তা সম্পাদক, দৈনিক অবজারভার, ঢাকা।
৩০। বার্তা সম্পাদক দৈনিক যুগান্তর, ঢাকা।
৩১। বার্তা সম্পাদক, দৈনিক প্রথম আলো, ঢাকা।
৩২। বার্তা সম্পাদক, দৈনিক কালের কণ্ঠ, ঢাকা।
৩৩। নোটিশ বোর্ড।

(২৪ থেকে ৩২) সংবাদ হিসাবে প্রচারের জন্য

২৫/৪/২০২২

(কাজী আরাফাত উদ্দীন)
সহকারী রেজিস্ট্রার (প্রশাসন)
ফোনঃ ০২২২৩৩৫৮৭৮১

G/Shafique Vacation Biggapti A.B.New